



আমাদের আঙুল এখনো ট্রিগারে: মাসুদ পেজেশকিয়ান



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

লেবাননে ইসরাইলের সাম্প্রতিক হামলাকে কেন্দ্র করে নতুন করে উত্তেজনা ছড়িয়েছে মধ্যপ্রাচ্যে। এ ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানিয়ে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন, পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে গেলে ইরান কঠোর জবাব দিতে প্রস্তুত—“আমাদের আঙুল এখনো ট্রিগারে।”

বৃহস্পতিবার (৯ এপ্রিল) সামাজিক যোগাযোগমাধ্যম এজ্রে দেওয়া এক পোস্টে তিনি লেবাননে চলমান হামলার কড়া সমালোচনা করেন। তার মতে, কার্যকর থাকা যুদ্ধবিরতির মধ্যেই এ ধরনের সামরিক অভিযান স্পষ্টভাবে চুক্তি লঙ্ঘনের শামিল এবং এটি পুরো অঞ্চলের স্থিতিশীলতাকে ঝুঁকির মুখে ফেলছে।

ইরানি প্রেসিডেন্ট আরও বলেন, ধারাবাহিক হামলা কেবল প্রতিশ্রুতি ভঙ্গই নয়, বরং চলমান কূটনৈতিক প্রচেষ্টাকেও দুর্বল করে দিচ্ছে। তিনি সতর্ক করে দেন, যদি এই পরিস্থিতি চলতে থাকে, তাহলে তেহরান কঠোর প্রতিক্রিয়া জানাতে বাধ্য হতে পারে।

পেজেশকিয়ান অভিযোগ করেন, ইসরাইল বারবার লেবাননে আগ্রাসন চালিয়ে যুদ্ধবিরতির কাঠামোকে অকার্যকর করে তুলছে। একই সঙ্গে তিনি লেবাননের জনগণের প্রতি সমর্থন পুনর্ব্যক্ত করে বলেন, সংকটের সময় ইরান তাদের পাশে থাকবে।

এদিকে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে হওয়া যুদ্ধবিরতি চুক্তি এখন অনিশ্চয়তার মুখে। তেহরান বলছে, এই চুক্তির আওতায় লেবাননে ইসরাইলি সামরিক অভিযান বন্ধ থাকার কথা। তবে যুক্তরাষ্ট্র ও ইসরাইলের দাবি, এই যুদ্ধবিরতি হিজবুল্লাহ-সংক্রান্ত লক্ষ্যবস্তুতে প্রযোজ্য নয়।

অন্যদিকে ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু স্পষ্ট করে জানিয়েছেন, লেবাননে অভিযান চলবে। তার বক্তব্য অনুযায়ী, ইসরাইলি বাহিনী শক্তি, নির্ভুলতা ও দৃঢ়তার সঙ্গে হিজবুল্লাহর বিরুদ্ধে অভিযান অব্যাহত রেখেছে।